গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২১-286 তারিখঃ 03/০১/২০২২ খ্রিঃ

বিষয়ঃ নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ২০২১-২২ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী গত ১২.১০.২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক (অক্টোবর –ডিসেম্বর) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্যাদি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ-------পাতা।

30/01/2022
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইলঃ info@dgnm.gov.bd

সিনিয়র সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
(দৃঃ আঃ- যুগ্ম সচিব, প্রোগ্রাম ম্যানেজমেন্ট ও মনিটরিং ইউনিট)

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২১- 286/1(5) তারিখঃ 30/০১/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে -

১। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। উপ সচিব (প্রশাসন -৪, মনিটরিং ও সমন্বয় শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। উপ-পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪। সহকারি প্রোগ্রামার, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। (পত্রটিও ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিতের জন্য)
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

30/1/22
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

বিষয়ঃ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২১-২২ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী ।

সভাপতি : সিদ্দিকা আক্তার, অতিরিক্ত সচিব, মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
স্থান : সম্মেলন কক্ষ
তারিখ ও সময় : ১২.১০.২০২১ খ্রিঃ, বেলা ০৩ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০২১-২২ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর- ডিসেম্বর, ২০২১) সভার কার্যক্রম শুরু করেন। তিনি বর্তমান ওমিক্রন পরিস্থিতি দৃঢ়তার সাথে মোকাবেলার জন্য সরকার নির্ধারিত গৃহীত পদক্ষেপ সমূহ শুদ্ধাচার চর্চার মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়ন করার তাগিদ প্রদান করেন । সভাপতির অনুমতিক্রমে মোঃ নাসির উদ্দিন উপ সচিব পরিচালক প্রশাসন সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২. অতঃপর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক/নং | আলোচনা | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | **দ্বিতীয় ত্রৈমাসিক সভার অগ্রগতি** পর্যালোচনাঃ সভাপতি সিদ্ধান্তসমূহের অগ্রগতিসমূহ সবিস্তারে পর্যালোচনা করেন । ২০২১-২২ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক প্রতিবেদন যথা সময়ে মন্ত্রণালয়ে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন । | ২০২১-২২ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ত্রৈমাসিক প্রতিবেদন যথা সময়ে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় । | যথা সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় । |
| ২ | **শুদ্ধাচার চর্চায় পুরস্কার প্রদান সংক্রান্ত আলোচনাঃ** নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগনের মধ্যে কাজের গতি বৃদ্ধিকরণের লক্ষ্যে স্থানীয়ভাবে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে আলোচনা করা হয় । | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগনের মধ্যে থেকে শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদানের লক্ষ্যে নৈতিকতা কমিটির তৃতীয় ত্রৈমাসিক সভার পূর্বেই প্রার্থীর তালিকা তৈরি করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় । সহকারী পরিচালক সমন্বয় তালিকা প্রস্তুত পূর্বক পরিচালক প্রশাসন বরাবর উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় | তালিকা প্রস্তুত পূর্বক পরিচালক প্রশাসন বরাবর উপস্থাপন করা হয়েছে । |
| ৩ | **নার্সিং সেবার মান উন্নয়নে হাসপাতাল সমূহ পরিদর্শনঃ** সভাপতি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতাল সমূহের নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে হাসপাতাল সমূহে পরিদর্শনের উপর গুরুত্ব পর্যালোচনা পূর্বক পরিদর্শন কার্যক্রম জোরদার করার তাগিদ প্রদান করেন । | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতাল সমূহের নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন হাসপাতালে সারপ্রাইজ ভিজিট করার বিষয়ে ও সিদ্ধান্ত গৃহীত হয় । | সারপ্রাইজ ভিজিট চলমান আছে ।<br>(৩.১ কার্যক্রমঃ বাস্তবায়নে নার্সিং সেবার মান উন্নয়নে হৃদ রোগ হাসপাতাল পরিদর্শন করা হয়েছে) |

| | | | |
|---|---|---|---|
| ৪ | **গণ শুনানিঃ**<br>নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতাল সমূহে গণ শুনানির আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় । | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতাল সমূহে যথা সময়ে<br>গণ শুনানির আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে যথা সময়ে গণ শুনানির আয়োজন করা হয়েছে . |
| ৫ | **স্টোর ম্যানেজমেন্ট সফট ওয়্যার চালুকরণঃ**<br>নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের স্টোর ম্যানেজমেন্ট সফট ওয়্যারের গুরুত্ব ও সুবিধাসমুহ উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট সকল কে স্টোর ম্যানেজমেন্ট সফট ওয়্যার চালু করার জন্য নির্দেশনা প্রদান করেন । | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের স্টোর ম্যানেজমেন্ট সফট ওয়্যার চালু করার লক্ষ্যে "নির্বাহী পরিচালক বাংলাদেশ কম্পপিউটার কাউন্সিল" বরাবর পত্র প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় । | "নির্বাহী পরিচালক বাংলাদেশ কম্পপিউটার কাউন্সিল" বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৬ | **অন লাইন অভিযোগ নিষ্পত্তিঃ**<br>সকল অন লাইন অভিযোগ বিচারিক দৃষ্টিভঙ্গি অনুসরণ পূর্বক আইন অনুযায়ী দ্রুততার সাথে নিষ্পত্তি করার বিষয়ে সভায় আলোচনা করা হয় | অন লাইন অভিযোগ প্রেরণের জন্য একটি নূতন ই মেইল আই ডি তৈরি করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় । | ই মেইল আই ডি খোলা হয়েছে directoradmin@dgnm.gov.bd |
| ৭ | **ই- ফাইলিং:**<br>সভাপতি ই-নথি কার্যক্রমের গুরুত্ব ও সুবিধাসমুহ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সকলকে দাপ্তরিক কার্যক্রমে ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য মতামত ব্যক্ত করেন | ১. নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের প্রত্যেক শাখায় ই-নথির কার্যক্রম বেগবান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়<br>২. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-নথিতে নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে | ই-নথির কার্যক্রম ত্বরান্বিত হয়েছে ।আমাদের প্রথম ত্রৈমাসিকে অর্জন ছিল ১.৫১%। দ্বিতীয় ত্রৈমাসিকে বাস্তবায়ন ৬৯.১৪% । |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে নৈতিকতা নিয়ে চলার অঙ্গিকার ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

৩০/০৪/২০২২

সিদ্দিকা আক্তার (অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর